

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ নিয়োগ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং ০৫.০০.০০০০.১৩৮.১৮.০০৪.২২.৭৯৯

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪২৯
২৮ নভেম্বর ২০২২


শোক বার্তা

জনাব মোঃ আনোয়ার হোসেন (১১৩০৮), উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় গত ১০.১১.২০২২ খ্রি. তারিখ সকাল ১১:০০ মিনিটে অফিসে অবস্থানরত অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। জনাব মোঃ আনোয়ার হোসেন (১১৩০৮) গত ১৮.০৮.১৯৬৯ খ্রি. তারিখে টাঙ্গাইল জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি গত ০৫.১০.১৯৯২ খ্রি. তারিখ সরকারি চাকরিতে যোগদান করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন দপ্তরে দায়িত্ব পালন করেন।

০৩। জনাব মোঃ আনোয়ার হোসেন (১১৩০৮) চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। তিনি মৃত্যুকালে স্ত্রী, এক পুত্র, এক কন্যাসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মোঃ আনোয়ার হোসেন (১১৩০৮) এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।


২৮.১১.২০২২

(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)
সিনিয়র সচিব